- **প্রবন্ধকোষ ও রাজমালা :** রাজশেখর রচিত প্রবন্ধকোষ এবং সোমেশ্বর রচিত রাজমালা থেকে গুজরাটের রাজবংশগুলির সম্বন্ধে গুরুত্বপূর্ণ তথ্য জানা যায়।
- **গীতগোবিন্দম্ :** সেনযুগের কবি জয়দেব এই গ্রন্থের রচনা করেছিলেন।
- **চাচ্‌নামা :** আরবী ভাষায় লিখিত চাচ্‌নামা গ্রন্থটি ফরাসী ভাষায় অনুবাদ করেন মহম্মদ আলি বিন আবু বকর কুফি। এই গ্রন্থের আরবীদের সিন্ধু বিজয়ের কাহিনী বর্ণিত আছে।
- **তহকিক-ই-হিন্দ :** এই গ্রন্থের রচয়িতা বিখ্যাত পণ্ডিত আলবেরুণী। তিনি গজনীর সুলতান মামুদের সঙ্গে ভারতে আসেন। এই গ্রন্থে সমকালীন ভারতের শিক্ষা ও সংস্কৃতি বর্ণিত আছে।
- **তবকৎ-ই-নাসিরী :** এই গ্রন্থের রচয়িতা মিন্‌হাজ উস-সিরাজ। এই গ্রন্থে সুলতান নাসিরুদ্দিন মামুদের (১২৪৬-৬৫) রাজত্বকালের বিবরণ লিখিত আছে।
- **তারিখ-ই-ফিরোজশাহী :** এই গ্রন্থের রচয়িতা জিয়াউদ্দিন বরণী। এই গ্রন্থে ফিরোজ তুঘলকের রাজত্বকালের বর্ণনা করা হয়েছে।
- **মসির-ই-রহিমী :** এই গ্রন্থের রচয়িতা আব্দুল বাকি।
- **তাজকিয়াত্-উল-ওয়াকত্ :** এই গ্রন্থের রচয়িতা হুমায়ুনের ঘনিষ্ট পার্শ্বচর জৌহর। এই গ্রন্থে হুমায়ুনের সমকালীন মুঘলদের বর্ণনা এবং পারস্যে থাকাকালীন হুমায়ুনের বিষদ বিবরণ লিখিত আছে।
- **তুজুক-ই-বাবরী :** মুঘল সম্রাট বাবর স্বরচিত আত্মজীবনী।
- **আইন-ই-আকবরী ও আকবরনামা :** এই গ্রন্থদুটির রচয়িতা মুঘলযুগের অন্যতম শ্রেষ্ঠ পণ্ডিত আকবরের সভাসদ আবুল ফজল।
- **তুঘলকনামা :** আমীর খসরু রচিত এই গ্রন্থটি সিন্ধুদেশে আরব শাসনের উপর আলোকপাত করার প্রধান সাহিত্য উপাদান। এই গ্রন্থটি ফরাসী ভাষায় অনুবাদ করেন মহম্মদ আলি বিন আবু বকর কুফি।
- **দেবলরানী খিজির খান :** এর রচয়িতা আমীর খসরু। গ্রন্থটিতে গুজরাটের অপহৃতা রাজকন্যা দেবলাদেবী ও আলাউদ্দিন খলজীর পুত্র খিজির খানের প্রণয় কাহিনী বর্ণনা করা হয়েছে।
- **খাজাইন-উল-ফুতুহ :** ঐতিহাসিক আমীর খসরু বিরচিত এই গ্রন্থ থেকে খলজী ও তুঘলক রাজত্বের ইতিহাস সম্পর্কে অনেক তথ্য জানা যায়।
- **ফুতুহ্-উস্-সালাতিন :** এই গ্রন্থটি রচনা করেন তুর্ক-আফগান যুগের বিখ্যাত ঐতিহাসিক খাজা আবদুল্লাহ মালিক ইসামিদ। এই গ্রন্থ থেকে সুলতান মামুদের সময়কাল থেকে মহম্মদ বিন তুঘলকের রাজত্বকাল পর্যন্ত এক ধারাবাহিক তথ্য জানা যায়।
- **তারিখ-ই-মুবারকশাহী :** এই গ্রন্থটির রচয়িতা ইয়াহিয়া বিন আহমেদ সরহিন্দী। এই গ্রন্থটি সৈয়দ বংশের শাসনাধীন পর্বের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ উপাদান।

Scanned with CamScanner